



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-২ শাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০১৮.০৩২.০০.০০.০৬১.২০১৬- ২৭৭

তারিখ : ১০ ফাল্গুন ১৪২৭
২৩ ফেব্রুয়ারি ২০২১

বিষয় : শরীয়তপুর জেলার ভেদেরগঞ্জ উপজেলার চরসেনসাস গ্রামে পাকা রাস্তা সংলগ্ন বঙ্গবন্ধু আদর্শ স্মৃতি ফাউন্ডেশনের সন্নিহিত সবুজ শিশু কিশোর গ্রন্থাগারের সংযুক্ত কাচা রাস্তা সংস্কার ইট সলিং ও কার্পেটিংয়ের জন্য অর্থ বরাদ্দ প্রসঙ্গে।

সূত্র : জনাব কবি জাহাঙ্গীর কবির, প্রতিষ্ঠাতা চেয়ারম্যান, বঙ্গবন্ধু আদর্শ স্মৃতি ফাউন্ডেশন হতে প্রাপ্ত আবেদনপত্র,
তারিখ:-০১/০২/২০২১খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে, শরীয়তপুর জেলার ভেদেরগঞ্জ উপজেলাধীন চরসেনসাস গ্রামে পাকা রাস্তা সংলগ্ন বঙ্গবন্ধু আদর্শ স্মৃতি ফাউন্ডেশনের সন্নিহিত সবুজ শিশু কিশোর গ্রন্থাগারের সংযুক্ত ১২০ ফুট কাচা রাস্তা সংস্কার ইটের সলিংসহ কার্পেটিং এর বিষয়ে জনাব কবি জাহাঙ্গীর কবির, প্রতিষ্ঠাতা চেয়ারম্যান, বঙ্গবন্ধু আদর্শ স্মৃতি ফাউন্ডেশন-এর আবেদনপত্রটি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি : ০১ (এক) পাতা।

(মো: আকবর হোসেন)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫১৪১৯০
up2lgd@gmail.com

প্রকল্প পরিচালক

লোকাল গভর্ন্যান্স সাপোর্ট প্রজেক্ট-৩ (এলজিএসপি-৩)

সিটি সেন্টার (লেভেল-১০)

৯০/১ মতিঝিল বা/এ, ঢাকা।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। অতিরিক্ত সচিব (ইউপি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। জনাব কবি জাহাঙ্গীর কবির, প্রতিষ্ঠাতা চেয়ারম্যান, বঙ্গবন্ধু আদর্শ স্মৃতি ফাউন্ডেশন।
- ৭। অফিস কপি।

স্থানীয় সরকার বিভাগ	
সিনিয়র সচিবের দপ্তর	
১) অতিরিক্ত সচিব	১) প্রশাসন
২) মহাপরিচালক	২) পল্লী উন্নয়ন
৩) যুগ্মসচিব	৩) উন্নয়ন
৪) যুগ্মসচিব (পরিকল্পনা)	৪) পানি সরবরাহ (পাস)
	৫) উপজেলা অধিশাখা
	৬) ইউপি অধিশাখা
	৭) অডিট অধিশাখা
	৮) আইন অধিশাখা
ডায়েরী নং	তারিখ
৪/২/২০২০	
	স্বাক্ষর

বরাবর,
মাননীয় সিনিয়র সচিব,
স্থানীয় সরকার বিভাগ,
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয় : শরীয়তপুর জেলার ভেদেরগঞ্জ উপজেলার চরসেনসাস গ্রামে পাকা রাস্তা সংলগ্ন বঙ্গবন্ধু আদর্শ স্মৃতি ফাউন্ডেশনের সন্নিহিতে সবুজ শিশু কিশোর গ্রন্থাগারের সংযুক্ত কাচা রাস্তা সংস্কার ইট সলিং ও কার্পেটিংয়ের জন্য বরাদ্দের আবেদন।

মহোদয়,

সবিনয় নিবেদন, শরীয়তপুর জেলার ভেদেরগঞ্জ উপজেলাধীন চরসেনসাস গ্রামে পাকা রাস্তা সংলগ্ন বঙ্গবন্ধু আদর্শ স্মৃতি ফাউন্ডেশনের সন্নিহিতে ছেলে-মেয়েদের জ্ঞানার্জনের লক্ষ্যে সবুজ শিশু কিশোর নামে একটি গ্রন্থাগার রহিয়াছে। বঙ্গবন্ধু আদর্শ স্মৃতি ফাউন্ডেশন এই গ্রন্থাগারটি পরিচালনা করে থাকে। এই গ্রন্থাগারে গ্রামের কোমলমতি শিশু কিশোররা নিয়মিত এসে বই পড়ে ও নানা রকম শিশোতোষ বইয়ের সাথে তাদের পরিচয় ঘটে। কখনো কখনো বড়রাও এই গ্রন্থাগার থেকে বই নিয়ে পড়ে জ্ঞানার্জন করে। ইউনিয়ন পরিষদের পাকা রাস্তার সাথে প্রায় ১২০ ফুট কাচা রাস্তায় সংযুক্ত হয়েছে গ্রন্থাগারটি। কাচা রাস্তার কারণে বর্ষা ও বৃষ্টির দিনে কর্দমাক্ত ও পিচ্ছিল হয়ে যায়। বর্ষায় পানি বেশী হলে রাস্তার উপর কখনো কখনো পানি উঠে যায়। এতে কোমলমতি শিশুরা নানা রকম বিড়ম্বনার পড়ে। আমি এই ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান হিসেবে ফাউন্ডেশনের ভবন তৈরীর জন্য আমার নিজস্ব জমি (রেজিস্ট্রি) দান করেছি। জনহিতকর কাজ করাই এর লক্ষ্য। শিশু কিশোরসহ সকলে দুর্ভোগ ও বিড়ম্বনা থেকে রেহাই পেতে এই ১২০ ফুট কাচা রাস্তা সংস্কার ইটের সলিং ও কার্পেটিং করা একান্ত প্রয়োজন।

অতএব, উপর্যুক্ত বিষয়ে জনহিতকর কাজ হিসেবে বর্ণিত প্রায় ১২০ ফুট কাচা রাস্তা সংস্কার ইটের সলিংসহ কার্পেটিং কাজের খরচ বাবদ ৮,০০,০০০.০০ (আট লক্ষ) টাকা সরকারী অর্থ বরাদ্দের জন্য সবিনয় অনুরোধ করছি।

তারিখ : ০/২/২০২০

বিনীত নিবেদক,



(কবি জাহাঙ্গীর কবির)

প্রতিষ্ঠাতা চেয়ারম্যান,

বঙ্গবন্ধু আদর্শ স্মৃতি ফাউন্ডেশন।

মোবাইল-০১৯৬৬-৫৩৫৬৫৭।

ডায়েরী নং	তারিখ
১৬	৭/২/২০
প্রয়োজনীয় কার্যার্থে/জ্ঞাতার্থে প্রেরিত হইল	
ইপ	১/২ শাখা
প্রশাসন-১/২ শাখা	
অতিরিক্ত সচিব (প)	
স্থানীয় সরকার বিভাগ	